

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১১০

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫০. নাবী (ﷺ)_এর অযুর বিবরণ

باب صِفَةِ وُضُوءِ النَّبِيِّ صلى الله عليه وسلم

আরবী

حَدَّثَنَا هَارُونُ بْنُ عَبْدِ اللهِ، حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، حَدَّثَنَا إِسْرَائِيلُ، عَنْ عَامِرِ بْنِ شَقِيقِ بْنِ جَمْرَةَ، عَنْ شَقِيقِ بْنِ سَلَمَةَ قَالَ: رَأَيْتُ عُتْمَانَ بْنَ عَفَّانَ غَسَلَ ذِرَاعَيْهِ ثَلَاثًا ثَلَاثًا، وَمَسَحَ رَأْسَهُ ثَلَاثًا، ثُمَّ قَالَ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم فَعَلَ هَذَا. قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ وَكِيعٌ عَنْ إسْرَائِيلَ قَالَ تَوَضَّا ثَلَاثًا فَقَطْ.

_ حسن صحيح

বাংলা

১১০। শাকীক ইবনু সালামাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি 'উসমান ইবনু 'আফফান (রাঃ)-কে (অযুর সময়) উভয় হাত কনুই পর্যন্ত তিনবার তিনবার করে ধুতে এবং তিনবার মাথা মাসাহ্ করতে দেখেছি। এরপর তিনি বলেছেন, আমি রাস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এরূপ করতে দেখেছি। [1]

ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেন, ওয়াকী' সূত্রে ইসরাঈলের বর্ণনায় রয়েছে, তিনি অযুর অঙ্গসমূহ মাত্র তিনবার করে ধুলেন।

হাসান সহীহ।

English

Shaqiq b. Salamah said:

I saw 'Uthman b. 'Affan (perform ablution). He washed his forearms three times and washed his head thrice. He then said: I saw the Messenger of Allah (ﷺ) doing like that.



Abu Dawud said: Another version says: "He performed ablution three times only."

ফুটনোট

[1] তিরমিয়া (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ দাড়ি খিলাল করা, হাঃ ৩১, ইমাম তিরমিয়া বলেন, এ হাদীসটি হাসান সহীহ), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ দাড়ি খিলাল করা প্রসঙ্গে, হাঃ ৪৩০), দারিমা (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মাথা ও উভয় কান মাসাহ্ করা, হাঃ ৭০৮), আহমাদ (১/৫৭, হাঃ ৪০৩), আহমাদ শাকির বলেন, এর সানাদ সহীহ এবং ইবনু খুযাইমাহ (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ১/১৫১-১৫২) ইসরাঈল থেকে।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ শাক্কীক ইবনু সালামা (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন